# রাজশাহী বোর্ড ২০১৫

## বাংলা দ্বিতীয় পত্র

রচনামূলক প্রশ্ন

সময় — ২ ঘন্টা পূর্ণমান — ৫০ বিষয় কোড: | ১ | ০ | ২ |

[দ্রষ্টব্য: দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো একটির অনুচ্ছেদ লিখ: ৫

(ক) শীতের সকাল;

(খ) বাংলা নববর্ষ।

২. (ক) মনে কর, তোমার নাম 'রতন'। তুমি ঠাকুরগাঁও জেলার সদর উপজেলায় বসবাস কর। তোমার এলাকায় বিদ্যুৎ বিভ্রাটের আশু প্রতিকার চেয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লিখ। ৫

অথবা, (খ) মনে কর, তোমার নাম 'সুমন'। তুমি ঢাকার অধিবাসী। তোমার বরিশালের বন্ধু 'সুজন' সাম্প্রতিক সড়ক দুর্ঘটনায় আহত। আহত বন্ধুকে সমবেদনা জানিয়ে একটি পত্র লেখ।

৩. (ক) সারাংশ লিখ: ১০

মানুষের মূল্য কোথায়? চরিত্র, মনুষ্যত্ব, জ্ঞান ও কর্মে। বস্তুত চরিত্র বলেই মানুষের জীবনে. যা-কিছু শ্রেষ্ঠ তা বুঝতে হবে। চরিত্র ছাড়া মানুষের গৌরব করার আর কিছুই নেই। মানুষের শ্রদ্ধা যদি মানুষের প্রাপ্য হয়, সে শুধু চরিত্রের জন্য। অন্য কোনো কারণে মানুষের মাথা মানুষের সামনে নত হবার দরকার নেই।

Teachingbd.com

http://teachingbd.com

অথবা, (খ) সারমর্ম লিখ:

আসিতেছে শুভদিন
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাঁইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়,
পাহাড় কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,
তোমারে সেবিতে হইল যাহারা মজুর, মুটে ও কুলি;
তোমারে সেবিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি;
তারাই মানুষ, তারাই দেবতা গাহি তাহাদের গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান!

৪. যে কোনো **একটির** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) পরের অনিষ্ট চিন্তা করে যেই জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

(খ) মানুষ বাঁচে তার কর্মের মধ্যে, বয়সের মধ্যে নয়।

৫. যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন লেখ: ১০

(ক) মন কর, তুমি 'তাপস' দৈনিক ইত্তেফাক' পত্রিকার একজন প্রতিনিধি। পরিবেশগত ভারসাম্য রক্ষার জন্য বৃক্ষরোপণের গুরুত্ব বর্ণনা করে পত্রিকায় প্রকাশের জন্য একটি প্রতিবেদন লেখ।

অথবা, (খ) মনে কর, তুমি শিমুলতলী উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির একজন ছাত্র 'হীরা'। তোমার বিদ্যালয়ের 'বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালার বর্ণনা দিয়ে প্রধান শিক্ষকের নিকট একটি প্রতিবেদন লেখ।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) স্বদেশপ্রেম;
(খ) বাংলাদেশের মুক্তিযুদ্ধ;
(গ) মানব কল্যাণে বিজ্ঞান।

Teachingbd.com

# রাজশাহী বোর্ড ২০১৫

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বাংলা দ্বিতীয় পত্র: নৈর্ব্যক্তিক অভীক্ষা বিষয় কোড: ১০২

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. কোনটি যুগ্ম রীতিতে গঠিত দ্বিরুক্ত শব্দ?
ক চুপচাপ খ ঝিরঝির
গ উড়ুউড়ু ঘ ছি ছি

২. তারিখবাচক শব্দের প্রথম চারটি কোন ভাষার নিয়মে সাধিত হয়?
ক ইংরেজি খ আরবি
গ হিন্দি ঘ বাংলা

৩. প্রাণিবাচক ও অপ্রাণিবাচক শব্দের বহুবচনে কোনগুলো ব্যবহৃত হয়?
ক গণ, বৃন্দ খ কুল, সকল
গ মন্ডলী, বর্গ ঘ রা, এরা

৪. অনেক ব্যাকরণবিদ কর্মধারয় সমাসকে কোন সমাসের অন্তর্ভুক্ত করেছেন?
ক বহুব্রীহি খ দ্বিগু
গ তৎপুরুষ ঘ অব্যয়ীভাব

৫. কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?
ক অনুগমন খ সাহিত্যসভা
গ পীতাম্বর ঘ রাতকানা

৬. কোনটির নিজস্ব কোনো অর্থবাচকতা নেই?
ক অনুসর্গ খ অব্যয়
গ প্রত্যয় ঘ উপসর্গ

৭. কোন উপসর্গগুলো বাংলা এবং তৎসম উভয়ক্ষেত্রে পাওয়া যায়?
ক আ, সু, বি, কু খ আ, সু, বি, নি
গ সু, বি, আ, হা ঘ আ, কু, বি, সা

৮. কোন ধাতুর আলাদা নামকরণ প্রয়োজন নেই?
ক প্রযোজক ধাতুর
খ সংযোগমূলক ধাতুর
গ কর্মবাচ্যের ধাতুর
ঘ নাম ধাতুর

৯. কোনো কোনো ক্ষেত্রে কৃৎ প্রত্যয় যুক্ত করলে কৃৎ প্রকৃতির আদিস্বর পরিবর্তিত হয়— এ পরিবর্তনকে কী বলে?
ক গুণ খ বৃদ্ধি
গ গুণ ও বৃদ্ধি ঘ উপধা

১০. অর্থগতভাবে বাংলাভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায়?
ক ছয় খ পাঁচ
গ চার ঘ তিন

১১. কোনটি অব্যয়ের বিশেষণের উদাহরণ?
ক সামান্য একটু দুধ দাও
খ রকেট অতি দ্রুত চলে
গ বাস্তবিকই আজ খুব গরম
ঘ ধিক তারে, শতধিক নির্লজ্জ যে জন

১২. কোনটি আত্মবাচক সর্বনাম?
ক সব খ কেউ
গ স্বয়ং ঘ পরস্পর

১৩. বাংলা ভাষায় কয়েকটি ধাতুর সকল কালের রূপ পাওয়া যায় না — এগুলোকে কোন ধাতু বলে?
ক স্বয়ংসম্পন্ন ধাতু খ অসম্পূর্ণ ধাতু
গ সংযোগমূলক ধাতু ঘ সিদ্ধ ধাতু

১৪. পাপে বিরত হও— বাক্যটিতে 'পাপে' কী অর্থে অপাদান কারক?
ক গৃহীত খ ভীত
গ বিরত ঘ রক্ষিত

১৫. আসামীর পক্ষে উকিল কে? — বাক্যটিতে কী অর্থে অনুসর্গের ব্যবহার হয়েছে?
ক সহায় খ সক্ষমতা
গ সঙ্গে ঘ সহগামিতা

১৬. কোন বাক্যটি ঐতিহাসিক বর্তমানের ক্রিয়াপদ দ্বারা গঠিত?
ক আমি রোজ স্কুলে যায়
খ কেন যে তুমি আস না
গ বাবরের পর হুমায়ুন বাদশাহ হন
ঘ রোজ দেরি হয় কেন

১৭. কোন বাক্যটিতে নিরপেক্ষ কর্তা রয়েছে?
ক আকাশে চাঁদ উঠলে আড্ডা ভাঙ্গে
খ বৃষ্টিতে ভিজলে সর্দি হবে
গ বৃষ্টি হয়েছে তাই আমি যাব না
ঘ তুমি যদি যাও, সে যাবে

১৮. প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়ার সঙ্গে কী যোগ করার নিয়ম ছিল?
ক ই খ উ
গ হ ঘ ও

Teachingbd.com

১৯. ধাতুর গণ ঠিক করতে কয়টি বিষয় লক্ষ্য রাখতে হয়?
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

২০. 'সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।'— কোন বাক্যের উদাহরণ?
ক সরল বাক্য খ মিশ্র বাক্য
গ জটিল বাক্য ঘ যৌগিক বাক্য

২১. যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে — এক কথায় কী বলে?
ক অবিমৃশ্যকারী খ অপরিণামদর্শী
গ অকুতভয় ঘ অচিন্তনীয়

২২. কোন বাগধারাটির অর্থ নগদ উপার্জন?
ক কপাল ফেরা খ কাঁচা পয়সা
গ কাঁচা সোনা ঘ কেতা দুরস্ত

২৩. কোনটি কর্মকর্তৃবাচ্যের উদাহরণ?
ক কাজটা ভাল দেখায় না
খ তোমাকেই ঢাকা যেতে হবে
গ দস্যুদল গৃহটি লুণ্ঠন করেছে
ঘ বিদ্বানকে সকলেই শ্রদ্ধা করে

২৪. জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পর কোন চিহ্ন বসে?
ক কমা খ সেমিকোলন
গ কোলন ঘ ড্যাস

২৫. বহুপদময় বিশেষণ কোথায় বসে?
ক বিশেষ্যের পূর্বে খ বিশেষণের পূর্বে
গ বিশেষ্যের পরে ঘ বিশেষণের পরে

২৬. 'সূর্য' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক নিশাকর খ নরপতি
গ অবনী ঘ দিবাকর

২৭. কার্তুজ, কুপন — কোন ভাষার শব্দ?
ক পর্তুগিজ খ ওলন্দাজ
গ ফরাসি ঘ ফারসি

২৮. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ থাকে?
ক চার খ তিন
গ দুই ঘ পাঁচ

২৯. বিশেষ অর্থে, নির্দিষ্টতা জ্ঞাপনে কয়েকটি শব্দ —
ক টাক, টুক, টুকু
খ গুলি, গুলা, গুলো
গ খানা, খনি, গাছা
ঘ কেতা, তা, পাটি

৩০. ক থেকে ম পর্যন্ত ২৫টি বর্ণকে একত্রে কী বলে?
ক ঘোষ বর্ণ খ স্পর্শ বর্ণ
গ অল্পপ্রাণ বর্ণ ঘ উষ্ম বর্ণ

৩১. কোনটি পরোক্ষ উক্তিতে ব্যবহৃত?
ক সেদিন খ গতকাল
গ এখানে ঘ এখন

৩২. ভাষাভাষী জনসংখ্যার দিক থেকে বাংলার স্থান কত?
ক তৃতীয় খ চতুর্থ
গ পঞ্চম ঘ ষষ্ঠ

৩৩. বাংলায় কোন ধ্বনিকে স্বরধ্বনি বলা চলে না?
ক ঈ খ উ
গ ঊ ঘ ঋ

৩৪. পূর্বস্বরের সঙ্গে মিল রেখে স্বরসঙ্গতির কারণে 'অ' বিবৃত হয়— এ নিয়মের বাইরের উদাহরণ কোনটি?
ক কলম খ কথা
গ বৈধতা ঘ যত

৩৫. 'মাথা ঝিম ঝিম করছে।'— কোন ক্রিয়ার উদাহরণ?
ক মিশ্রক্রিয়া খ যৌগিক ক্রিয়া
গ সকর্মক ক্রিয়া ঘ প্রযোজক ক্রিয়া

৩৬. আদিস্বর অনুযায়ী অন্ত্যস্বর পরিবর্তিত হলে তাকে কী বলে?
ক প্রগত সমীভবন
খ পরাগত সমীভবন
গ প্রগত স্বরসঙ্গতি
ঘ পরাগত স্বরসঙ্গতি

৩৭. কোন ক্ষেত্রে সাধারণত 'ণ' হয় না, 'ন' হয়?
ক প্রত্যয়যুক্ত পদে
খ উপসর্গযুক্ত পদে
গ বিভক্তিযুক্ত পদে
ঘ সমাসবদ্ধ পদে

৩৮. বিসর্গের পর অঘোষ অল্পপ্রাণ কিংবা মহাপ্রাণ তালব্য ব্যঞ্জন থাকলে বিসর্গ স্থলে কী হয়?
ক মূর্ধন্য শিশ খ তালব্য শিশ
গ দন্ত শিশ ঘ ঘোষ মহাপ্রাণ

৩৯. 'আ' প্রত্যয়যোগে সমষ্টি অর্থে কোনটি ব্যবহৃত?
ক চোরা খ বাঘা
গ চোখা ঘ বিশা

৪০. কোনটি বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ নয়?
ক ধাত্রী খ যুবতী
গ সম্রাজ্ঞী ঘ গায়িকা

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | খ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ঘ | ৩৮ | ঘ | ৩৯ | খ | ৪০ | ঘ |

Teachingbd.com